

Phone: (202) 244-0183
Fax : (202) 244-2771 / 7830
E-mail: mission.washington@mofa.gov.bd
Website : www.bdembassyusa.org



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C. 20008

04 May 2020

URGENT NOTICE

Special flight arranged by Bangladesh Government for stranded Bangladeshis in the USA

The Ministry of Foreign Affairs, Government of the People's Republic of Bangladesh, in coordination with Bangladesh Embassy in Washington, D.C. and the Consulates General of Bangladesh in New York and Los Angeles, has taken initiative to arrange a special chartered flight of Qatar Airways to bring home stranded Bangladesh citizens from the USA possibly on 14 May or 15 May 2020.

Earlier, the Embassy and the two Consulates General circulated a notice through their websites seeking information from the Bangladeshis who had been stranded in USA amid COVID-19 pandemic situation. After this, a large number of stranded Bangladeshi citizens provided their information by email to the Bangladesh Missions showing interest to return to Bangladesh by special charter flight at their own expenses, as all commercial flights to Bangladesh were suspended after the outbreak of COVID-19. They also requested the Government of Bangladesh through the Bangladesh Missions to facilitate their return to homeland by special flight.

Accordingly, the Ministry of Foreign Affairs and the Bangladesh Missions in USA are coordinating to arrange a chartered flight of Qatar Airways either from Washington Dulles International Airport (IAD) or New York John F. Kennedy (JFK) Airport possibly on 14 May or 15 May, depending on the availability of a minimum required number of passengers to run the flight. It is estimated that the price of each economy class ticket for this flight would be approximately **US\$2,200**.

Under the intimation of the Ministry of Foreign Affairs, a Bangladeshi enterprise named Oryx Aviation Ltd., which is the General Sales Agent (GSA) in Bangladesh for Qatar Airways Cargo Flights, would handle the chartering and ticketing formalities with Qatar Airways for this special flight. **Stranded Bangladeshi citizens in USA willing to avail this special flight at their own expenses** are advised to contact Oryx Aviation Ltd. by visiting its online Portal @ <http://galaxyaviationbd.com/airticket/>, register their names through this portal and purchase tickets to confirm seats in this flight **by 08 May, 2020**. Following the registration and purchase of tickets, Oryx Aviation authority will get in touch individually with all confirmed passengers to notify them of further details about the flight. If you need further assistance or have any question regarding registration and ticketing, please contact Oryx Aviation Ltd. through **e-mail: usacharter@oryxaviation.com** or call over **WhatsApp number: +8801713094664**.

The Embassy has forward to Oryx Aviation Ltd. a list of all the stranded Bangladeshis, who have meanwhile contacted the Bangladesh Missions in USA by email and requested to arrange their return by the special flight. **However, the email communications with the Embassy do not automatically confirm the availability of the tickets. Since seats at the chartered flight are limited, passengers will be registered and issued with tickets by Oryx Aviation on a first-come-first-serve basis and subject to availability.**

Other important requirements to avail this special flight are:

- All confirmed passengers, who are scattered in different US cities and states, shall make their own arrangements to travel to IAD or JFK Airport to catch the charter flight on its designated date and time of departure. Once the registration and ticketing formalities are completed, Qatar Airways will decide and inform the passengers about the departing airport for the special flight.
- All passengers must present before boarding in the flight “COVID-19 negative certificate” obtained from any US hospital/doctor/medical professional within 72 (seventy-two) hours of the flight departure. **Passengers must collect this certificate by themselves.**
- Upon arrival at the airport in Dhaka, all passengers shall have to go through mandatory medical screening. After screening, they would be sent either to “institutional quarantine centers” or “home quarantine” as per the health guidelines of the government of Bangladesh.
- Tickets purchased for this chartered flight are non-cancelable, non-refundable. Refund of tickets by Oryx Aviation will be applicable only when the flight is cancelled due to non-availability of the minimum required number of passengers to operate the flight or for other reasons compelling cancellation of the flight.
- Stranded passengers holding Bangladesh passports, and in cases like accompanying children of Bangladeshi parents holding foreign passports, would get priority for this charter flight. However, if the first category of the passengers does not fill up the flight, passengers of Bangladesh origin holding foreign passports would then be considered for this flight.

The stranded Bangladeshi citizens in USA willing to avail this charter flight under above mentioned terms are encouraged to visit the online portal of Oryx Aviation Ltd. @ <http://galaxyaviationbd.com/airticket/>, register their names and arrange payments to confirm their seats **by 08 May, 2020**. Following the registration and purchase of tickets, Oryx Aviation authority will get in touch individually with all confirmed passengers to notify them of further details about the flight.

Embassy of Bangladesh
Washington, D.C.



Phone: (202) 244-0183
Fax : (202) 244-2771 / 7830
E-mail: mission.washington@mofa.gov.bd
Website : www.bdembassyusa.org



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C. 20008

তারিখঃ ০৪ মে ২০২০

জরুরী বিজ্ঞপ্তি

মার্কিন যুক্তরাষ্ট্রে আটকে পড়া বাংলাদেশী নাগরিকদের বিশেষ বিমানযোগে স্বদেশে ফিরিয়ে নেয়ার লক্ষ্যে
বাংলাদেশ সরকারের উদ্যোগ গ্রহণ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পররাষ্ট্র মন্ত্রণালয় কোভিড-১৯ জনিত উদ্ভূত পরিস্থিতিতে মার্কিন যুক্তরাষ্ট্রে আটকে পড়া বাংলাদেশী নাগরিকবৃন্দের স্বদেশ প্রত্যাবর্তনের জন্য ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাস এবং নিউ ইয়র্ক ও লস এঞ্জেলস্ বাংলাদেশ কনস্যুলেটদ্বয়ের সাথে সমন্বয়পূর্বক কাতার এয়ারওয়েজের একটি চার্টার্ড ফ্লাইট পরিচালনের উদ্যোগ গ্রহণ করেছে। এই ফ্লাইটটি আগামী ১৪ অথবা ১৫ মে, ২০২০ তারিখে যুক্তরাষ্ট্র হতে ঢাকার উদ্দেশ্যে যাত্রা করার সম্ভাবনা রয়েছে।

উল্লেখ্য, ইতোপূর্বে বাংলাদেশ দূতাবাস ওয়াশিংটন, ডিসি এবং নিউ ইয়র্ক ও লস এঞ্জেলস্ বাংলাদেশ কনস্যুলেট জেনারেল-এর ওয়েবসাইটে যুক্তরাষ্ট্রে এসে কোভিড-১৯ উদ্ভূত পরিস্থিতিতে আটকে পড়া বাংলাদেশী নাগরিকবৃন্দের অবস্থান সংক্রান্ত তথ্য চেয়ে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। এর প্রেক্ষিতে বিপুল সংখ্যক বাংলাদেশী নাগরিক তাঁদের নিজ নিজ খরচে বিশেষ ফ্লাইটের মাধ্যমে বাংলাদেশে ফিরে যাওয়ার প্রত্যাশায় অত্র দূতাবাস ও কনস্যুলেটদ্বয়ের মাধ্যমে বাংলাদেশ সরকারের নিকট আবেদন করেন।

ন্যূনতম সংখ্যক যাত্রী কর্তৃক টিকিট ক্রয় স্বাপেক্ষে ওয়াশিংটন ডালাস ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট (IAD) অথবা নিউ ইয়র্কের জন এফ কেনেডি (JFK) এয়ারপোর্ট হতে আগামী ১৪ অথবা ১৫ মে, ২০২০ তারিখে এই বিশেষ ফ্লাইট পরিচালনের বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়, ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাস এবং নিউ ইয়র্ক ও লস এঞ্জেলস্ বাংলাদেশ কনস্যুলেট জেনারেলদ্বয় সমন্বিতভাবে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। এই ফ্লাইটের প্রতিটি ইকোনমি ক্লাস (সুলভ শ্রেণী) টিকিটের মূল্য আনুমানিক ২,২০০.০০ মার্কিন ডলার হতে পারে বলে ধারণা করা যাচ্ছে।

পররাষ্ট্র মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক Oryx Aviation Ltd. নামক একটি বাংলাদেশী প্রতিষ্ঠান এই চার্টার্ড ফ্লাইটে ভ্রমণেচ্ছুক আটকে পড়া যাত্রীদের রেজিস্ট্রেশন ও টিকিট ইস্যুকরণ সংক্রান্ত বিষয়ে কাতার এয়ারওয়েজের সাথে সমন্বয় সাধন করছে। উল্লেখ্য Oryx Aviation Ltd. বাংলাদেশে কাতার এয়ারওয়েজ কার্গো বিমানের জিএসএ (সাধারণ বিক্রয় প্রতিনিধি) হিসেবে নিয়োজিত রয়েছে।

উক্ত বিশেষ ফ্লাইটে নিজ খরচে স্বদেশ প্রত্যাবর্তনেচ্ছু বাংলাদেশী নাগরিকবৃন্দ আগামী ০৮ মে ২০২০ তারিখের মধ্যে ঢাকাস্থ Oryx Aviation Ltd.-এর অনলাইন পোর্টাল <http://galaxyaviationbd.com/airticket/> এর মাধ্যমে রেজিস্ট্রেশন ও টিকিট ক্রয় করে উক্ত ফ্লাইটে আসন নিশ্চিত করতে পারবেন। রেজিস্ট্রেশন ও টিকিট ক্রয় সংক্রান্ত জিজ্ঞাসা ও সহযোগিতার জন্য সরাসরি Oryx Aviation Ltd.-এর ই-মেইল (usacharter@oryxaviation.com) অথবা হোয়াটসএ্যাপ ফোন নম্বরে (+৮৮০১৭১৩০৯৪৬৬৪) যোগাযোগ করা যেতে পারে। নিবন্ধিত ও টিকিট ক্রয়কৃত যাত্রীবৃন্দের চূড়ান্ত সংখ্যা নিশ্চিত হবার পরই Oryx Aviation Ltd. ফিরতি ই-মেইল যোগে সকল যাত্রী বরাবর ইস্যুকৃত টিকিট ও ফ্লাইট সংক্রান্ত অন্যান্য তথ্যাদি প্রেরণ করবে।

যে সমস্ত আটকে পড়া বাংলাদেশী নাগরিকবৃন্দ নিজ খরচে উক্ত বিশেষ বিমানযোগে বাংলাদেশে ফিরে যাওয়ার আশ্রয় ব্যক্ত করে ওয়াশিংটন ডিসিস্থ বাংলাদেশ দূতাবাস এবং নিউ ইয়র্ক ও লস এঞ্জেলস্ বাংলাদেশ কনস্যুলেট জেনারেলের দপ্তরে ই-মেইল প্রেরণ করেছেন, সে সকল আশ্রয়ী যাত্রীগণের তালিকা অত্র দূতাবাস হতে Oryx Aviation Ltd. বরাবর ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। তবে কেবলমাত্র দূতাবাসে এই ই-মেইল প্রেরণের মাধ্যমেই স্বয়ংক্রিয়ভাবে কোন আশ্রয়ী যাত্রী এই বিশেষ ফ্লাইটে ভ্রমণের নিশ্চয়তা প্রাপ্ত হবেন না। উক্ত বিশেষ ফ্লাইটের আসন সংখ্যা সীমিত হওয়ায় Oryx Aviation Ltd.-এর অনলাইন ওয়েব পোর্টাল <http://galaxyaviationbd.com/airticket/> এর মাধ্যমে “আগে আসলে আগে পাবেন” ভিত্তিতে রেজিস্ট্রেশন সম্পন্ন ও টিকিট ক্রয় করেই উক্ত বিমানে আসন নিশ্চিত করতে হবে।

উক্ত বিশেষ ফ্লাইটে ভ্রমণের জন্য নিম্নোক্ত গুরুত্বপূর্ণ বিষয়াবলী প্রযোজ্য হবেঃ

- যুক্তরাষ্ট্রের বিভিন্ন শহর ও অঙ্গরাজ্যে অবস্থানরত সকল নিবন্ধিত ও টিকিট ক্রয়কৃত যাত্রীবৃন্দকে সম্পূর্ণ নিজ নিজ ব্যবস্থায়/যানবাহনে/আভ্যন্তরীণ ফ্লাইটে IAD অথবা JFK বিমান বন্দরে নির্ধারিত দিন ও সময়ে এই বিশেষ চার্টার্ড ফ্লাইটে আরোহনের জন্য উপস্থিত হতে হবে। রেজিস্ট্রেশন সম্পন্ন ও টিকিট ক্রয়কৃত যাত্রীগণ বরাবর কাতার এয়ারওয়েজ কর্তৃপক্ষ কর্তৃক যথাসময়ে ফ্লাইটটি ছাড়ার চূড়ান্ত দিন, ক্ষণ, বিমান বন্দরের নাম ইত্যাদি তথ্য জানানো হবে।
- বিমানে ভ্রমণের জন্য প্রত্যেক যাত্রীকে নিজ দায়িত্বে অবশ্যই “কোভিড-১৯ মুক্ত” অথবা “কোভিড-১৯ উপসর্গ-মুক্ত” মর্মে ডাক্তারী সনদ সংগ্রহ করতে হবে। যুক্তরাষ্ট্রের যে কোন হাসপাতাল অথবা চিকিৎসকের নিকট হতে এই সনদ সংগ্রহ করা যেতে পারে। এই সনদ বিমান যাত্রাকাল পূর্বের ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে সংগৃহীত হতে হবে।
- ঢাকা বিমান বন্দরে অবতরণের পর সকল যাত্রীদের নিয়মমাফিক পুনরায় স্বাস্থ্য পরীক্ষা করা হবে এবং বাংলাদেশ সরকারের স্বাস্থ্যবিধি মোতাবেক বাধ্যতামূলকভাবে ২ (দুই) সপ্তাহ “প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইন” অথবা “হোম কোয়ারেন্টাইন”-এ অবস্থান করতে হবে।
- উল্লেখ্য, উক্ত বিশেষ চার্টার্ড ফ্লাইটের ক্রয়কৃত টিকিট “বাতিল অযোগ্য” এবং টিকিটের মূল্য “অফেরতযোগ্য”। তবে কোন বিশেষ বা অনিবার্য কারণে ফ্লাইটটির যাত্রা শেষ মুহূর্তে বাতিল হলে টিকেটিং এজেন্সি (Oryx Aviation Ltd.) যাত্রীদের ক্রয়কৃত টিকেটের মূল্য ফেরত প্রদানের ব্যবস্থা করবে।
- কেবলমাত্র বাংলাদেশী পাসপোর্টধারী এবং ক্ষেত্র বিশেষে বাংলাদেশ পাসপোর্টধারী পিতা-মাতার সফরসঙ্গী বিদেশী পাসপোর্টধারী সন্তানেরা এই বিশেষ ফ্লাইটে ভ্রমণের জন্য অগ্রাধিকার পাবেন। তবে শুধুমাত্র বাংলাদেশী পাসপোর্টধারী যাত্রী দ্বারা উক্ত বিশেষ ফ্লাইট পরিচালনের ন্যূনতম সংখ্যক যাত্রী পূরণ করা না গেলে নিবন্ধিত তালিকা হতে বাংলাদেশী বংশোদ্ভূত মার্কিন পাসপোর্টধারী (যদি এমন কেউ নিবন্ধন করে থাকেন) যাত্রীদের ভ্রমণের জন্য বিবেচনা করা হতে পারে।

উপরোল্লিখিত শর্ত মোতাবেক কাতার এয়ারওয়েজ-এর এই বিশেষ ফ্লাইটে নিজ খরচে বাংলাদেশে প্রত্যাবর্তন ইচ্ছুক যুক্তরাষ্ট্রের বিভিন্ন শহরে আটকে পড়া বাংলাদেশী নাগরিকবৃন্দকে আগামী ০৮ মে ২০২০ তারিখের মধ্যে সরাসরি বাংলাদেশস্থ Oryx Aviation Ltd.-এর (<http://galaxyaviationbd.com/airticket/>) পোর্টালের মাধ্যমে রেজিস্ট্রেশন, টিকিট ক্রয় এবং উক্ত বিশেষ বিমানে আসন সংরক্ষণের জন্য বিনীত অনুরোধ জানানো যাচ্ছে।

বাংলাদেশ দূতাবাস
ওয়াশিংটন, ডিসি

